

আঁখ

জাত :- সি . ও - ১০৫ , সি . ও - ৬৯০৭ , সি . ও - ৭৭০৪ , সি . ও . এ - ৭৬০১ , সি . ও . জে - ৬৪ , সি . ও . সি - ৬৭১

বীজ বোনার সময় :- ভাদ্র থেকে অগ্রহায়ন এবং পৌষ থেকে মাঘ মাস ।

কাটিং এর পরিমাণ :- ৩৫০০ - ৪০০০ নং প্রতি কানি ।

বীজ শোধন :- প্রতি লিটার জলে ১ গ্রাম ম্যানকোজেব এবং ১ গ্রাম কার্বেনডাজিম মিশ্রণ তৈরী করে ঐ মিশ্রনে চারা বা কাটিং ১০ মিনিট চুবিয়ে নিন।

জমি তৈরী :- দুই থেকে তিন বার ভাল ভাবে চাষ এবং মই দিয়ে মাটি মোটামুটি মাঝারী বুরবুরে করে জমি তৈরী করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ১৬০০ কেজি,
ইউরিয়া - ৪০ কেজি,
সুপার ফসফেট - ৬০ কেজি,
পটাশ - ২০ কেজি,

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে ভালভাবে মিশিয়ে দিন । অর্ধেক পরিমাণ ইউরিয়া , অর্ধেক পরিমাণ সুপার ফসফেট ও তিন-চতুর্থাংশ পটাশ মূল জমি তৈরীর সময় প্রয়োগ করুন । ১৫ কেজি ইউরিয়া , ২০ কেজি সুপার ফসফেট এবং বাকি পরিমাণ পটাশ সার চারা বা কাটিং লাগানোর একমাস বাদে এবং ৫ কেজি ইউরিয়া , ১০ কেজি সুপার ফসফেট চার মাসে বাদে জমিতে প্রয়োগ করুন।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকে সারি ৬০ সেমি, এবং কাটিং থেকে কাটিংর দূরত্ব ৪৫ সেমিঃ বজায় রাখুন।

লাগাবার নিয়ম :- প্রথমে এক গাঁটযুক্ত কাটিং বীজতলাতে লাগিয়ে শিকড় তৈরী করে নিতে হবে। ৪৫ দিনের শিকড়যুক্ত কাটিং/চারা নির্দিষ্ট দূরত্বের সারিতে লাগাতে হবে। কাটিং নির্বাচনের সময় আঁখের উপরের একহাত অংশ বাদ দিয়ে ২ থেকে ২.৫ হাতের মধ্যে যত সংখ্যক চোখ যুক্ত গাঁট পাওয়া যাবে সেগুলি বীজ কাটিং হিসাবে নির্বাচন করতে হবে।

অন্তর্বর্তী পরিচর্যা :- ২ - ৩ বার ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । ২ বার গাছে গোড়ায় মাটি তুলে দিন এবং জল নিষ্কাশনের ব্যবস্থা করুন।

জলসেচ ব্যবস্থা :- প্রতি বার মাটি তোলা এবং সার প্রয়োগের পর জলসেচের ব্যবস্থা করুন ।

সময় কাল :- ১৮০ - ২১০ দিনের ফসল ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ১৬ - ১৮ টন ।